ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দপ্তর
www.iau.edu.bd iauins13@gmail.com
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-প্রা.পা/২০২৪/ ১৪৩০৮ তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

# অফিস আদেশ

কামিল শ্রেণিতে প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে রাজাপুর ফাজিল মাদরাসা, ডাকঘরঃ রাজাপুর, উপজেলাঃ রাজাপুর, জেলাঃ ঝালকাঠি (RAJAPUR FAZIL MADRASAH (EIIN-101930, CODE-16613) এর অধ্যক্ষের ০৭.১২.২০২৩ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ৩য় সংবিধির ধারা-১৩ এর গ অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে ধারা-১৩ এর ঙ মোতাবেক মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে নিম্নোক্ত শর্তে ২৬.০২.২০২৫ খ্রি. থেকে ২৫.০২.২০২৮ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদী কোর্সে হাদিস বিভাগ প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হল-

## শর্তসমূহ:

১. ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ থেকে কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদী কোর্সে হাদিস বিভাগ এর কার্যক্রম চালু হবে।
২. কামিল (স্নাতকোত্তর) ০২ বছর মেয়াদী কোর্সে হাদিস বিভাগের শিক্ষার্থীদের পাঠদান আরম্ভ করার পূর্বে কমপক্ষে দুইজন প্রভাষক ও দুইজন মুহাদ্দিস নিয়োগ দিতে হবে এবং বিষয়টি মাদরাসা পরিদর্শককে অবহিত করতে হবে।
৩. উপাধ্যক্ষসহ অন্যান্য শূন্যপদে নিয়োগ কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।
৪. লাইব্রেরীতে প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় করতে হবে এবং শিক্ষার্থীদের লাইব্রেরীতে অধ্যায়ন করতে উদ্বুদ্ধ করতে হবে।
৫. একাডেমিক কমিটি গঠন করতে হবে এবং শ্রেণিকক্ষে আরো মানসম্পন্ন পাঠদানের জন্য শিক্ষকদের নিয়ে কর্মশালার আয়োজন করতে হবে।
৬. মাদরাসার নামে নামজারী বিহীন জমির আগামী ৬(ছয়) মাসের মধ্যে নামজারী করতে হবে এবং সমুদয় জমির হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে।
৭. গভর্নিং বডির মাধ্যমে অর্থ কমিটি গঠন করতে হবে এবং উক্ত কমিটির সুপারিশের মাধ্যমে আয়-ব্যয় গভর্নিং বডির সভায় অনুমোদন নিতে হবে।
৮. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

২৬/০২/২৫
(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ও মাদরাসা পরিদর্শক (অতি. দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দপ্তর
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১

অধ্যক্ষ
রাজাপুর ফাজিল মাদরাসা
ডাকঘরঃ রাজাপুর, উপজেলাঃ রাজাপুর, জেলাঃ ঝালকাঠি।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-প্রা.পা/২০২৪/ ১৪৩০৮ (৮) তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:**

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪। ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৫। প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭। সভাপতি, রাজাপুর ফাজিল মাদরাসা, ডাকঘরঃ রাজাপুর, উপজেলাঃ রাজাপুর, জেলাঃ ঝালকাঠি।
৮। অফিস নথি।

২৬/০২/২৫
(মুহাম্মদ মাহফিজুর রহমান)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দপ্তর
মোবাইল: ০১৬৩৩-১৩৮২৭৩